রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৮, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১২ই ভাদ্র ১৪০৪/২৭শে আগস্ট ১৯৯৭

এস, আর, ও নং ১৯৭-আইন/৯৭—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধিদপ্তর" অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীনে প্রতিষ্ঠিত পরিবেশ অধিদপ্তর;

(খ) "আইন" অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন);

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোন তফসিল;

(ঘ) "ধারা" অর্থ আইনের যে কোন ধারা;

(ঙ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোন ফরম;



মূল্য : টাকা ১০.০০

(চ) "স্থিতিমাপ" অর্থ মানমাত্রার চারিত্রিক বৈশিষ্ট্য;

(ছ) "স্থানীয় কর্তৃপক্ষ" অর্থ মেট্রোপলিটন এলাকায় সিটি কর্পোরেশন, পৌর এলাকায় পৌরসভা, গ্রামীণ এলাকায় ইউনিয়ন পরিষদ।

৩। **প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ঘোষণা।**—(১) ধারা ৫ এর উপ-ধারা (১) এর বিধান অনুসারে কোন এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (Ecologically Critical Area) হিসাবে ঘোষণা করার নিমিত্ত সরকার নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রাখিবে, যথা :—

(ক) মানববসতি;

(খ) প্রাচীন স্মৃতিসৌধ;

(গ) প্রত্নতাত্ত্বিক স্থান;

(ঘ) অভয়ারণ্য;

(ঙ) জাতীয় উদ্যান;

(চ) গেম রিজার্ভ

(ছ) বন্যপ্রাণীর আবাসস্থল;

(জ) জলাভূমি;

(ঝ) ম্যানগ্রোভ;

(ঞ) বনাঞ্চল;

(ট) এলাকাভিত্তিক জীববৈচিত্র্য; এবং

(ঠ) এতদ্সংক্রান্ত প্রাসংগিক অন্যান্য বিষয়।

(২) প্রতিবেশগত সংকটাপন্ন এলাকায় কোন্ কোন্ কর্ম বা প্রক্রিয়া চালু রাখা বা শুরু করা যাইবে না তাহা সরকার বিধি ১২ ও ১৩ এ বর্ণিত মানমাত্রা অনুসারে নির্দিষ্ট করিবে।

৪। **স্বাস্থ্য হানিকর যানবাহন।**—তফসিল ৬ এবং ৭ এ উল্লিখিত মানমাত্রা অতিক্রমকারী যানবাহন পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া সৃষ্টিকারী বা স্বাস্থ্য হানিকর যানবাহন বলিয়া গণ্য হইবে।

৫। **পরিবেশ দূষণ বা অবক্ষয় সম্পর্কিত আবেদনপত্র।**—(১) ধারা ৮ এর উপ-ধারা (১) এর বিধান মোতাবেক ক্ষতিগ্রস্ত অথবা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত কোন ব্যক্তি উক্ত ক্ষতি বা সম্ভাব্য ক্ষতির প্রতিকারের জন্য ফরম-১ অনুসারে মহাপরিচালকের নিকট আবেদন করিবেন।

(২) উপ-বিধি (১) অনুসারে আবেদনপত্র প্রাপ্তির তিন মাসের মধ্যে মহাপরিচালক ধারা ৮ এর উপ-ধারা (২) এর বিধান অনুসারে আবেদনপত্রটি নিষ্পত্তি করিবেন।

৬। **নমুনা সংগ্রহের নোটিশ।**—ধারা ১১ এর উপ-ধারা (৩) এর দফা (ক) এর বিধান মোতাবেক নমুনা সংগ্রহকারী কর্মকর্তা সংশ্লিষ্ট স্থানের দখলদার বা এজেন্টকে ফরম-২ অনুসারে উক্ত কর্মকর্তার অভিপ্রায় সম্পর্কে নোটিশ প্রদান করিবেন।



৭। **পরিবেশগত ছাড়পত্র প্রদানের পদ্ধতি।**—(১) পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে পরিবেশের উপর প্রভাব বিস্তার এবং অবস্থান অনুযায়ী শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহ নিম্নবর্ণিত চারটি শ্রেণীতে বিভক্ত হইবে, যথা :—

(ক) সবুজ;

(খ) কমলা-ক;

(গ) কমলা-খ; এবং

(ঘ) লাল।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত শ্রেণীসমূহের অন্তর্ভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহের বিবরণ তফসিল-১ এ প্রদত্ত হইয়াছে।

(৩) সকল শ্রেণীর বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্প এবং সবুজ শ্রেণীভুক্ত প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে।

(৪) কমলা-ক কমলা-খ এবং লাল শ্রেণীভুক্ত প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে সর্বপ্রথম অবস্থানগত এবং তৎপর পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে :

তবে শর্ত থাকে যে, কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের আবেদনক্রমে এবং মহাপরিচালক যদি উপযুক্ত মনে করেন, তাহা হইলে তিনি উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পকে অবস্থানগত ছাড়পত্র প্রদান ব্যতিরেকে সরাসরি পরিবেশগত ছাড়পত্র প্রদান করিতে পারিবেন।

(৫) পরিবেশগত ছাড়পত্রের জন্য সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তা তফসিল ১৩ তে বর্ণিত যথাযথ ফিসহ ফরম-৩ এ অধিদপ্তরের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিবেন।

(৬) উপ-বিধি (৫)-এ উল্লেখিত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে, যথা :—

(ক) **সবুজ শ্রেণীর ক্ষেত্রে :**

(অ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাধারণ তথ্যাবলী;

(আ) কাঁচামালসহ উৎপন্ন দ্রব্যের প্রকৃত বিবরণ; এবং

(ই) স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

(খ) **কমলা-ক শ্রেণীর ক্ষেত্রে :**

(অ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাধারণ তথ্যাবলী;

(আ) কাঁচামালসহ উৎপন্ন দ্রব্যের প্রকৃত বিবরণ;

(ই) স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

(ঈ) প্রসেস ফ্লো ডায়াগ্রাম;

(ঈ) লে আউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত) ; এবং

(উ) বর্জ্য নির্গমন ব্যবস্থা

(ঊ) পুনঃস্থাপন, পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(ঋ) প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(গ) কমলা-খ শ্রেণীর ক্ষেত্রে:

(অ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন (কেবল প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;

(আ) প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (Initial Environmental Examination IEE — আ ই ই) প্রতিবেদন, যাহার সহিত সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রসেস ফ্লো ডায়াগ্রাম, লে আউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত), বর্জ্য পরিশোধনাগার (Effluent Treatment Plant ETP — ই টি পি) এর নকশা সংযুক্ত থাকিবে (কেবল প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;

(ই) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan EMP — ইএমপি) প্রতিবেদন, যাহার সহিত সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রসেস ফ্লো ডায়াগ্রাম, লে-আউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত), বর্জ্য পরিশোধনাগারের নকশাসহ উহার কার্যকারিতা সম্পর্কিত তথ্যাদি সংযুক্ত থাকিবে (কেবল বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;

(ঈ) স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ; এবং

(উ) পরিবেশগত বিরূপ প্রতিক্রিয়া সংক্রান্ত জরুরী পরিকল্পনাসহ দূষণের প্রকোপ হ্রাসকরণ পরিকল্পনা ;

(ঊ) পুনঃস্থাপন, পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(ঋ) প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(ঘ) লাল শ্রেণীর ক্ষেত্রে:

(অ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন (কেবল প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;

(আ) প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন, যাহার সহিত পরিবেশগত প্রভাব নিরূপণের (Environmental Impact Assesscent EIA — ই আই এ) কার্যপরিধি, সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রসেস ফ্লো ডায়াগ্রাম সংযুক্ত থাকিবে, অথবা, অধিদপ্তর কর্তৃক ইতোপূর্বে অনুমোদিত কার্য-পরিধির ভিত্তিতে প্রণীত পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন, যাহার সহিত সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের লে আউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত), বর্জ্য পরিশোধনাগারের নকশাসহ সময়সূচী প্রসেস ফ্লো ডায়াগ্রাম সংযুক্ত থাকিবে (কেবল প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;



(ই) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনার প্রতিবেদন, যাহার সহিত সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রসেস ফ্লো ডায়াগ্রাম, লে আউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত), বর্জ্য পরিশোধনাগারের নকশাসহ উহার কার্যকারিতা সম্পর্কিত তথ্যাদি সংযুক্ত থাকিবে (কেবল বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;

(ঈ) স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ; এবং

(উ) পরিবেশগত বিরূপ প্রতিক্রিয়া সংক্রান্ত জরুরী পরিকল্পনাসহ দূষণের প্রকোপ হ্রাসকরণ পরিকল্পনা ;

(ঊ) পুনঃস্থাপন, পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(ঋ) প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(৭) উপ-বিধি (৬) এ উল্লেখিত কাগজপত্রসহ উপ-বিধি (৫) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর সবুজ শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে পনের কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট উদ্যোক্তা বরাবরে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে, অথবা, যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদনপত্র অগ্রাহ্য করা হইবে।

(৮) উপ-বিধি (৬) এ উল্লেখিত কাগজপত্রসহ উপ-বিধি (৫) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর কমলা-ক শ্রেণীভুক্ত প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে ত্রিশ কার্য দিবস এবং কমলা-খ ও লাল শ্রেণীভুক্ত প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে ষাট কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট উদ্যোক্তা বরাবরে অবস্থানগত ছাড়পত্র প্রদান করা হইবে, অথবা, যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদনপত্র অগ্রাহ্য করা হইবে।

(৯) উপ-বিধি (৮) এ উল্লেখিত অবস্থানগত ছাড়পত্র প্রাপ্তির পর উদ্যোক্তা—

(অ) ভূমি উন্নয়ন ও অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম গ্রহণ করিতে পারিবে ;

(আ) ই টি পিসহ যন্ত্রপাতি স্থাপন করিতে পারিবে (কেবল কমলা-ক এবং কমলা-খ শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;

(ই) দফা (অ-আ) এ উল্লেখিত কার্যাবলী সম্পন্ন হওয়ার পর তাহা অবহিত করিয়া পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করিবে, পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে গ্যাস সংযোগ গ্রহণ করিতে পারিবে না এবং শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন ও অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু করিতে পারিবে না (কেবল কমলা-ক এবং কমলা-খ শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) ;

(ঈ) আই ই ই প্রতিবেদনে উল্লেখিত কার্য-পরিধির ভিত্তিতে ই আই এ প্রতিবেদন প্রণয়ন করিয়া ই টি পি'র নকশাসহ সময়সূচী নির্দিষ্টকৃত সময়ের মধ্যে অধিদপ্তরের অনুমোদনের নিমিত্তে পেশ করিবে (কেবল লাল শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য)।

(১০) উপ-বিধি (৯) এর দফা (ই) এর অধীন আবেদন প্রাপ্তির পর কমলা-ক শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে পনের কার্য দিবস এবং কমলা-খ শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে ত্রিশ কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট উদ্যোক্তা বরাবরে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে, অথবা, যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদন অগ্রাহ্য করা হইবে।

(১১) উপ-বিধি (৯) এর দফা (ঈ) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাল শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে ষাট কার্যদিবসের মধ্যে ই টি পি'র নকশাসহ সময়সূচী এবং ই আই এ প্রতিবেদন অনুমোদন করা হইবে, অথবা যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদন অগ্রাহ্য করা হইবে।

(১২) উপ-বিধি (১১) এর অধীন ই আই এ অনুমোদিত হওয়ার পর উদ্যোক্তা—

(অ) আমদানীতব্য যন্ত্রপাতির জন্য L/C খুলিতে পারিবে, যাহাতে ইটিপি সংক্রান্ত যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকিবে ; এবং

(আ) ইটিপি স্থাপন করিয়া পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করিবে, পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে গ্যাস সংযোগ গ্রহণ করিতে পারিবে না এবং শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন ও অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু করিতে পারিবে না।

(১৩) উপ-বিধি (১২) এর দফা (আ) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাল শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে ত্রিশ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট উদ্যোক্তা বরাবরে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে, অথবা যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদন অগ্রাহ্য করা হইবে।

(১৪) উপ-বিধি (৬) এ উল্লেখিত কাগজপত্রসহ উপ-বিধি (৫) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর কমলা-ক শ্রেণীভুক্ত বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে ত্রিশ কার্যদিবস এবং কমলা-খ ও লাল শ্রেণীভুক্ত বিদ্যমান শিল্পপ্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে ষাট কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট উদ্যোক্তা বরাবরে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে, অথবা, যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদনপত্র অগ্রাহ্য করা হইবে।

৮। **পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ।**— (১) পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ হইবে, সংশ্লিষ্ট ছাড়পত্র ইস্যুর তারিখ হইতে সবুজ শ্রেণীর ক্ষেত্রে তিন বৎসর এবং অন্যান্য শ্রেণীর ক্ষেত্রে এক বৎসর।

(২) প্রত্যেকটি পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ শেষ হইবার অন্ততঃ ত্রিশ দিন পূর্বে উহা নবায়ন করিতে হইবে।

৯। **আপীল।**—(১) ধারা ১৪ এর অধীন যে নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপীল দায়ের করা হইবে, তৎসম্পর্কে আপত্তির কারণসমূহ সংক্ষেপে ও স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।



(২) প্রত্যেকটি আপীলের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র থাকিতে হইবে, যথাঃ—

(অ) যে নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপীল করা হইতেছে উহার একটি করিয়া প্রমাণকৃত কপি;

(আ) পরিবেশগত ছাড়পত্রের কপি (যদি থাকে);

(ই) আপীল ফি বাবদ এক হাজার টাকা জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারী চালান ; এবং

(ঈ) আপীলের সহিত সম্পর্কযুক্ত অন্য কোন কাগজাদি।

১০। **আপীল কর্তৃপক্ষ কর্তৃক অনুসরণীয় পদ্ধতি।**— (১) আপীল কর্তৃপক্ষ তাহাদের অফিসের কার্যভার এবং প্রতিপক্ষের প্রতি নোটিশ জারীর জন্য প্রয়োজনীয় সময় বিবেচনা করিয়া আপীল শুনানীর জন্য একটি দিন ধার্য করিবে।

(২) অধিদপ্তরের যে কার্যালয়ের নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপীল দায়ের করা হইয়াছে, সেই কার্যালয় বরাবরে আপীল কর্তৃপক্ষ আপীল শুনানীর তারিখ উল্লেখ করিয়া আপীলের কপিসহ নোটিশ প্রেরণ করিবে।

(৩) আপীল কর্তৃপক্ষ আপীল নিষ্পত্তির সুবিধার্থে প্রয়োজনীয় সকল কাগজ, তথ্যাদি যে কোন সময় আপীলকারী বা প্রতিপক্ষের নিকট হইতে তলব করিতে পারিবে।

১১। **আপীল শুনানীকালীন পদ্ধতি।**— (১) শুনানীর জন্য নির্ধারিত তারিখে, অথবা শুনানী মুলতবী হইলে পরবর্তী তারিখে আপীলের সমর্থনে আপীলকারীর বক্তব্য শ্রবণ করা হইবে।

(২) শুনানীর জন্য ধার্য তারিখে অথবা শুনানী মুলতবী হইলে পরবর্তী তারিখে আপীল শুনানীর জন্য ডাক পড়িলে যদি আপীলকারী হাজির না হয়, তাহা হইলে আপীল কর্তৃপক্ষ আপীল খারিজের আদেশ দান করিতে পারিবে।

(৩) যদি আপীলকারী হাজির হয়, কিন্তু প্রতিপক্ষ হাজির না হয়, তবে একতরফাভাবে আপীলের শুনানী হইবে।

(৪) যদি উপ-বিধি (২) অনুসারে আপীল খারিজ হয়, তবে আপীলকারী উক্ত খারিজের আদেশ প্রদানের তারিখ হইতে ত্রিশ কার্যদিবসের মধ্যে পুনরায় আপীল মঞ্জুরের জন্য আপীল কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে।

(৫) আপীল কর্তৃপক্ষ পক্ষগণ বা কোন এক পক্ষের শুনানীর পর তর্কিত নোটিশ, আদেশ বা নির্দেশ অনুমোদন, রদবদল বা বাতিল করিতে পারিবে।

(৬) আপীল কর্তৃপক্ষ তাহার সিদ্ধান্তের অনুকূলে যুক্তিযুক্ত কারণ লিপিবদ্ধ করিবেন এবং আপীলকারী কী প্রতিকার প্রাপ্য হইবেন তাহা উল্লেখ করিবে।

(৭) আপীল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশের কপি যথারীতি সত্বর আপীলকারী, অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় এবং মহাপরিচালক বরাবরে প্রেরণ করা হইবে।

১২। **পরিবেশগত মানমাত্রা নির্ধারণ।**— ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে বায়ু, পানি, শব্দ এবং ঘ্রাণসহ পরিবেশের অন্যান্য উপাদানের মানমাত্রা তফসিল-২,৩,৪,৫,৬,৭ এবং ৮ এ উল্লেখিত মানমাত্রার ভিত্তিতে নির্ধারিত হইবে।

১৩। **বর্জ্য নিঃসরণ ও নির্গমণের মানমাত্রা নির্ধারণ।**—ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (ঙ) এর উদ্দেশ্য পূরণকল্পে তরল বর্জ্য নির্গমন এবং গ্যাসীয় নিঃসরণের পরিসীমা তফসিল-৯, ১০ ও ১১ এবং শিল্প শ্রেণীভিত্তিক বর্জ্য নিঃসরণ বা নির্গমন এর মানমাত্রা তফসিল-১২ এ উল্লেখিত মানমাত্রার ভিত্তিতে নির্ধারিত হইবে।

১৪। **পরিবেশগত ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ফি।**— এই বিধিমালার অধীন পরিবেশগত ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ফি তফসিল-১৩ অনুযায়ী প্রদেয় হইবে।

১৫। **বিভিন্ন সেবা ও উহার ফি।**— (১) কোন ব্যক্তি বা সংস্থার আবেদনক্রমে অধিদপ্তর কর্তৃক পানি, তরল বর্জ্য, বায়ু ও শব্দের নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণজাত তথ্য ও উপাত্ত সরবরাহ করা হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লেখিত সেবার জন্য তফসিল-১৪ এ বর্ণিত যথাযথ ফি প্রদান করিতে হইবে।

১৬। **ফি প্রদানের পদ্ধতি।**—এই বিধিমালার অধীন প্রদেয় বিভিন্ন মহাপরিচালকের অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে "৬৫ বিবিধ আয়করমুক্ত রাজস্ব খাতে" বাংলাদেশ ব্যাংক অথবা সরকারী ট্রেজারীতে জমা দিতে হইবে এবং ট্রেজারী চালান আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

১৭। **বিশেষ ঘটনা অবহিতকরণ।**—কোন স্থানে নির্দিষ্টকৃত মানমাত্রার অতিরিক্ত পরিবেশ দূষক নির্গত বা নিঃসৃত হইলে বা কোন দুর্ঘটনা বা অদৃষ্টপূর্ব কোন ক্রিয়া বা ঘটনার কারণে কোন কোন স্থান এইরূপে আশংকাযুক্ত হইলে সেই দূষণ ঘটনাধীন স্থান বা দূষণ আশংকাযুক্ত স্থানের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ তাৎক্ষণিকভাবে ঘটনা বা আশংকিত ঘটনার বিষয় সম্পর্কে মহাপরিচালককে অবহিত করিবে।



**ফরম-১**

**প্রতিকার প্রার্থনার আবেদনপত্র**

**[বিধি ৫(১) দ্রষ্টব্য]**

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ই—১৬, আগারগাঁও, ঢাকা—১২০৭।

প্রেরক

.....................................

.....................................

.....................................

মহোদয়,

আমি পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত কারণে একজন ক্ষতিগ্রস্ত অথবা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত ব্যক্তি হিসাবে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা ৮ এর উপ-ধারা (১) এর আওতায় নিম্নবর্ণিত পরিবেশ হানি/পরিবেশ হানির আশংকা সম্পর্কে প্রতিকার প্রার্থনা করিতেছি :—

১। পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত কারণে ক্ষতিগ্রস্ত বা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম..............................।

২। ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ।

৩। ক্ষতিগ্রস্ত হওয়ার স্থান।

৪। ক্ষতির/সম্ভাব্য ক্ষতির বিবরণ।

৫। ক্ষতির সময়..............................

৬। ক্ষতি ঘটানোর সহিত সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠান, ইত্যাদির নাম, ঠিকানা

৭। প্রার্থিত প্রতিকার।

তারিখ : ..............................

স্বাক্ষর : ..............................

## ফরম-২

### নমুনা সংগ্রহ সম্পর্কিত অভিপ্রায় নোটিশ

[বিধি ৬ দ্রষ্টব্য]

যেহেতু আপনার শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের *** ........................ হইতে কঠিনবর্জ্য/বর্জ্যপানি/গ্যাসীয় নিঃসরণ/বাষ্প/যে কোন দ্রব্যের বিশ্লেষণের জন্য ........................ তারিখ........................ ঘটিকায় সংশ্লিষ্ট বর্জ্য পদার্থের নমুনা সংগ্রহ করা প্রয়োজনীয় ও আবশ্যক;

সেহেতু নমুনা সংগ্রহের তারিখে আপনাকে/আপনার উপযুক্ত প্রতিনিধিকে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পে উপস্থিত থাকিয়া নমুনা সংগ্রহে সহযোগিতা প্রদান এবং সংগৃহীত নমুনার পাত্রে স্বাক্ষর দানের জন্য আপনাকে এতদ্বারা অভিপ্রায় নোটিশ প্রদান করা হইল।

নমুনাসংগ্রহকারী কর্মকর্তা

নাম

পদবী।

মোহর ........................................

........................................

........................................

*** : বর্জ্যপ্রবাহ, ট্যাংক, ইত্যাদি, যে স্থান হইতে নমুনাসংগ্রহ করা হইবে উহার বিবরণ।



## ফরম-৩

### পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র

[বিধি ৭(৫) দ্রষ্টব্য]

পরিচালক/উপ-পরিচালক,
পরিবেশ অধিদপ্তর,
ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/খুলনা বিভাগ/রাজশাহী বিভাগ (বগুড়া)।

জনাব,

আমি আমার প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প অথবা বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য নিম্নে প্রদত্ত তথ্যাদিসহ কাগজপত্র জমা দিয়া পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য আবেদন করিতেছি।

১। শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের নাম :
(ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ঠিকানা :
(খ) অফিসের বর্তমান ঠিকানা :

২। (ক) প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প
: নির্মাণ শুরুর সম্ভাব্য তারিখ :
: নির্মাণ সমাপ্তির সম্ভাব্য তারিখ :
: শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন ও অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু হইবার সম্ভাব্য তারিখ :

(খ) বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প
: শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন শুরুর ও অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু হইবার তারিখ :

৩। উৎপাদ্য দ্রব্যের নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) :

৪। (ক) কাঁচামালের নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) :
(খ) কাঁচামালের উৎস :

৫। (ক) দৈনিক পানি ব্যবহারের পরিমাণ :
(খ) পানির উৎস :

৬। (ক) জ্বালানীর নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) :
(খ) জ্বালানীর উৎস :

৭। (ক) দৈনিক সম্ভাব্য তরল বর্জ্যের পরিমাণ :
(খ) বর্জ্যের নির্গমন স্থান :

(গ) দৈনিক সম্ভাব্য নিঃসরণযোগ্য গ্যাসীয় পদার্থের পরিমাণ :

(ঘ) গ্যাসীয় পদার্থের নির্গমন পদ্ধতি :

৮। দাগ, খতিয়ান উল্লেখপূর্বক মৌজা ম্যাপ :

৯। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/
স্থানীয় কর্তৃপক্ষ এর অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) :

১০। (ক) প্রস্তাবিত বর্জ্য পরিশোধনাগারের নকশাসহ সময়সূচী :

(খ) বরাদ্দকৃত অর্থ :

(গ) জায়গার পরিমাণ :

১১। উৎপাদন প্রক্রিয়ার ফ্লো-ডায়াগ্রাম :

১২। (ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের লোকেশন ম্যাপ :

(খ) লে আউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের
অবস্থান নির্দেশিত) :

১৩। (ক) আই ই ই/ই আই এ প্রতিবেদন*
(প্রযোজ্য ক্ষেত্রে) :

(খ) পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা*
(প্রযোজ্য ক্ষেত্রে) :

১৪। সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন
(প্রযোজ্য ক্ষেত্রে) :

উদ্যোক্তার স্বাক্ষর

(সীলমোহর)

নাম :
ঠিকানা :
ফোন :
তারিখ :

—ঃ ঘোষণা ঃ—

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি আমার জানামতে সত্য এ
ইহাতে কোন তথ্য গোপন বা বিকৃত করা হয় নাই।

(উদ্যোক্তার নাম ও স্বাক্ষর)

* প্রস্তুতকারী এবং উদ্যোক্তা কর্তৃক প্রত্যেক পৃষ্ঠায় প্রতিস্বাক্ষর থাকিতে হইবে।



## তফসিল-১

পরিবেশের উপর প্রভাব বিস্তার ও অবস্থান অনুযায়ী বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণীবিভাগ।

[বিধি ৭(২) দ্রষ্টব্য]

(ক) সবুজ শ্রেণী

১। টিভি, রেডিও ইত্যাদি সংযোজন ও প্রস্তুত।

২। ঘড়ি প্রস্তুত ও সংযোজন।

৩। টেলিফোন সংযোজন।

৪। খেলনা প্রস্তুত ও সংযোজন (প্লাস্টিক জাতীয় বাদে)।

৫। বই বাঁধাই।

৬। দড়ি, মাদুর ও গাটি (সুতী, পাট ও কৃত্রিম তন্তুজাত)।

৭। ফটোগ্রাফি (চলচ্চিত্র ও এক্সরে বাদে)।

৮। কৃত্রিম চামড়াজাত সামগ্রী প্রস্তুত।

৯। মোটর সাইকেল, বাইসাইকেল ও খেলনা সাইকেল সংযোজন।

১০। বৈজ্ঞানিক ও গণিত যন্ত্রপাতি সংযোজন (তৈরী বাদে)।

১১। বাদ্যযন্ত্র।

১২। খেলাধুলার সামগ্রী (প্লাস্টিক জাতীয় বাদে)।

১৩। চা প্যাকিং (প্রসেসিং বাদে)।

১৪। গুঁড়ো দুধ রি-প্যাকিং (তৈরী বাদে)।

১৫। বাঁশ ও বেত সামগ্রী।

১৬। কৃত্রিম ফুল (প্লাস্টিক বাদে)।

১৭। কলম ও বলপেন।

১৮। স্বর্ণালংকার (তৈরী বাদে) (শুধু দোকান)।

১৯। মোমবাতি।

২০। ডাক্তারী ও শল্য যন্ত্রপাতি (তৈরী বাদে)।

২১। কর্ক সামগ্রী প্রস্তুতকারী কারখানা (ধাতব জাতীয় বাদে)।

২২। পশমী (ওয়াশিং বাদে)।

পাদটীকা :

(ক) এ তালিকার বাহিরে সকল শিল্পখাতভুক্ত কুটিরশিল্প পরিবেশগত ছাড়পত্রের চাহিদার বাহিরে থাকিবে। (কুটিরশিল্প বলিতে পরিবারের সদস্যদের দ্বারা পূর্ণ বা খন্ডকালীন সময়ে উৎপাদন অথবা সেবামূলক কর্মকান্ডে নিয়োজিত এবং সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত বিনিয়োগ সীমাবদ্ধ শিল্পসমূহ বুঝাইবে)।

(খ) বর্তমান তালিকাভুক্ত কোন শিল্পপ্রতিষ্ঠানই আবাসিক এলাকায় অবস্থিত হইতে পারিবে না।

(গ) শিল্প প্রতিষ্ঠানসমূহের অবস্থান যথাসম্ভব ঘোষিত শিল্প এলাকায় বা শিল্প সমৃদ্ধ এলাকায় অথবা যথাসম্ভব ফাঁকা জায়গায় হওয়া বাঞ্ছনীয়।

(ঘ) বাণিজ্যিক এলাকায় অগ্রহণযোগ্য মাত্রার শব্দ, ধোঁয়া, দুর্গন্ধ সৃষ্টি সম্ভাবনাময় শিল্প প্রতিষ্ঠানের অবস্থান গ্রহণযোগ্য নহে।

(খ) কমলা-ক শ্রেণী

১। গো-খামার শহরাঞ্চলে ১০ (দশ) টি বা এর নীচে এবং গ্রামে ২৫টি বা এর নীচে।

২। পোল্ট্রি (মুরগীর সংখ্যা শহরে ২৫০ পর্যন্ত এবং গ্রামে ১০০০ এর পর্যন্ত)।

৩। আটা, চাল, হলুদ-মরিচ ভাঙ্গানো, ডাল পেষা/ভাঙ্গানো (২০ অশ্বশক্তি পর্যন্ত)।

৪। বস্ত্রবয়ন এবং হস্ত চালিত তাঁত।

৫। জুতা ও চামড়াজাত সামগ্রী প্রস্তুত (৫ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

৬। করাত কল/কাঠ চেরাই।

৭। কাঠ/লোহা, এ্যালুমিনিয়াম ইত্যাদির আসবাবপত্র (৫ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

৮। ছাপাখানা।

৯। প্লাস্টিক ও রাবার সামগ্রী (পিভিসি ব্যতীত)।

১০। রেস্টুরেন্ট।

১১। কার্টন/বাক্স প্রস্তুত/প্রিন্টিং প্যাকেজিং।

১২। সিনেমা হল।

১৩। ড্রাইক্লিনিং।

১৪। কৃত্রিম চামড়াজাত সামগ্রী প্রস্তুত। (৫ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

১৫। খেলাধুলার সামগ্রী।

১৬। লবণ প্রস্তুত (১০ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

১৭। কৃষি যন্ত্রপাতি ও সরঞ্জাম।

১৮। শিল্প যন্ত্রপাতি ও সরঞ্জাম।

১৯। স্বর্ণালংকার প্রস্তুত।



২০। আলপিন, ইউপিন।

২১। চশমার ফ্রেম।

২২। চিরুনী।

২৩। কাঁসা পিতলের তৈজসপত্র সংক্রান্ত প্রস্তুত।

২৪। বিস্কুট ও রুটি প্রস্তুতের কারখানা (৫ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

২৫। চকোলেট ও লজেন্স প্রস্তুতের কারখানা (৫ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

২৬। কাঠের বোতাম তৈরী।

(গ) কমলা-খ শ্রেণী

১। পিভিসি সামগ্রী।

২। কৃত্রিম তন্তু (কাঁচামাল)।

৩। গ্লাস ফ্যাক্টরী।

৪। জীবন রক্ষাকারী ঔষধ (শুধু ফর্মুলেশনের বেলায় প্রযোজ্য)।

৫। ভোজ্য তৈল।

৬। আলকাতরা।

৭। পাট কল।

৮। হোটেল, বহুতল বিশিষ্ট বাণিজ্যিক ও এ্যাপার্টমেন্ট ভবন।

৯। ঢালাই।

১০। এ্যালুমিনিয়াম সামগ্রী।

১১। আঠা (এ্যানিমেল গ্লু ব্যতীত)।

১২। ইট/টাইলস।

১৩। চুন।

১৪। প্লাস্টিক সামগ্রী।

১৫। বোতলজাত, খাবার পানি, কোমল কার্বোনেটেড পানীয় প্রস্তুত ও বোতলজাতকরণ।

১৬। গ্যালভানাইজিং

১৭। সুগন্ধী, প্রসাধনী।

১৮। ময়দা (বড়)

১৯। কার্বন রড।

২০। পাথর গুড়ো, কাটা, ধৌত।

২১। মাছ, মাংস, খাদ্য প্রক্রিয়াজাতকরণ।

২২। ছাপার ও লেখার কালি।

২৩। পশু খাদ্য।

২৪। আইসক্রীম।

২৫। ক্লিনিক ও প্যাথলজিক্যাল ল্যাব।

২৬। মাটি, চীনা মাটির তৈজসপত্র/স্যানিটারী ওয়ার (সিরামিকস)।

২৭। চিংড়ি প্রক্রিয়াকরণ।

২৮। পানি পরিশোধন প্লান্ট।

২৯। ধাতব বাসন কোসন/চামচ ইত্যাদি।

৩০। সোডিয়াম সিলিকেট।

৩১। দিয়াশলাই।

৩২। স্টার্চ ও গ্লুকোজ।

৩৩। গবাদি পশুর খাদ্য।

৩৪। স্বয়ংক্রিয় চালকল।

৩৫। মোটরযান সংযোজন।

৩৬। কাঠের নৌযান তৈরী।

৩৭। ফটোগ্রাফি (চলচ্চিত্র ও এক্সরে ফিল্ম তৈরী সংক্রান্ত কর্মকান্ড)।

৩৮। চা প্রসেসিং।

৩৯। গুঁড়ো দুধ তৈরীকরণ/কনডেন্সড মিল্ক/ডেইরী।

৪০। রি-রোলিং।

৪১। কাঠ প্রক্রিয়াকরণ।

৪২। সাবান।

৪৩। রেফ্রিজারেটর মেরামত।

৪৪। ধাতব নৌযান মেরামত।

৪৫। ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস (১০ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

৪৬। সুতা প্রস্তুত (স্পিনিং মিল)।

৪৭। বৈদ্যুতিক কেবল।

৪৮। হিমাগার।

৪৯। টায়ার রিট্রেডিং।

৫০। মোটরযান মেরামত ওয়ার্কস (১০ লক্ষ টাকা মূলধন পর্যন্ত)।

৫১। গো-খামার: শহরাঞ্চলে ১০ (দশ) টির ঊর্ধ্বে এবং গ্রামাঞ্চলে ২৫ (পঁচিশ) টির ঊর্ধ্বে।



৫২। পোলট্রি (মুরগীর সংখ্যা শহরে ২৫০ (দুইশত পঞ্চাশ) টির এবং গ্রামাঞ্চলে ১০০০ (এক হাজার) টির ঊর্ধ্বে।

৫৩। আটা, চাল, হলুদ-মরিচ ভাংগানো, ডালপেষা/ভাংগানো ২০ অশ্বশক্তির ঊর্ধ্বে।

৫৪। জুতা ও চামড়াজাত সামগ্রী প্রস্তুত, ৫ (পাঁচ) লক্ষ টাকা মূলধনের ঊর্ধ্বে।

৫৫। কাঠ/লোহা, অ্যালুমিনিয়াম ইত্যাদির আসবাবপত্র, ৫ (পাঁচ) লক্ষ টাকা মূলধনের ঊর্ধ্বে।

৫৬। কৃত্রিম চামড়াজাত সামগ্রী প্রস্তুত, ৫ (পাঁচ) লক্ষ টাকা মূলধনের ঊর্ধ্বে।

৫৭। লবণ প্রস্তুত, ১০ (দশ) লক্ষ টাকা মূলধনের ঊর্ধ্বে।

৫৮। বিস্কুট ও রুটি প্রস্তুতের কারখানা, ৫ (পাঁচ) লক্ষ টাকা মূলধন পর্যন্ত।

৫৯। চকলেট ও লজেন্স প্রস্তুতের কারখানা, ৫ (পাঁচ) লক্ষ টাকা মূলধন পর্যন্ত।

৬০। পোষাক ও সুয়েটার প্রস্তুত।

৬১। বস্ত্র ওয়াশিং।

৬২। শক্তিচালিত তাঁত।

৬৩। রাস্তা নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণ (ফিডার রোড, স্থানীয় রাস্তা)।

৬৪। সেতু নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণ (দৈর্ঘ্য ১০০ মিটারের নিম্নে)।

৬৫। গণশৌচাগার।

৬৬। জাহাজ ভাংগা।

৬৭। জি আই ওয়্যার।

৬৮। ব্যাটারী সংযোজন।

৬৯। ডেইরী এন্ড ফুড।

শর্তাবলি:

(ক) তালিকাভুক্ত কোন শিল্প প্রতিষ্ঠানই আবাসিক এলাকায় স্থাপন করা যাইবে না।

(খ) শিল্প প্রতিষ্ঠানসমূহের অবস্থান যথাসম্ভব ঘোষিত শিল্প এলাকায় বা শিল্পসমৃদ্ধ এলাকায় বা যথাসম্ভব ফাঁকা জায়গায় হওয়া বাঞ্ছনীয়।

(গ) বাণিজ্যিক এলাকায় মানমাত্রা বহির্ভূত শব্দ, ধোঁয়া, দুর্গন্ধ সৃষ্টির সম্ভাবনাময় শিল্প প্রতিষ্ঠানের অবস্থান গ্রহণযোগ্য নহে।

(ঘ) লাল শ্রেণী

১। চামড়া প্রক্রিয়াকরণ (ট্যানারী)।

২। ফরমালডিহাইড।

৩। ইউরিয়া সার।

৪। টি এস পি সার।

৫। রাসায়নিক রং, পালিশ, ভার্নিশ, এনামেল।

৬। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র।

৭। সব খনিজ প্রকল্প (কয়লা, চুনাপাথর, কঠিন শিলা, প্রাকৃতিক গ্যাস, খনিজ তৈল ইত্যাদি)।

৮। সিমেন্ট।

৯। জ্বালানী তেল পরিশোধনাগার।

১০। কৃত্রিম রাবার।

১১। কাগজ ও মণ্ড।

১২। চিনি।

১৩। ডিস্টিলারী।

১৪। কাপড় রং ও রাসায়নিক প্রক্রিয়াকরণ।

১৫। কস্টিক সোডা, পটাশ।

১৬। অন্যান্য ক্ষার।

১৭। লোহা ও ইস্পাত প্রস্তুত।

১৮। ঔষধের কাঁচামাল ও মৌলিক ঔষধ।

১৯। ইলেকট্রোপ্লেটিং।

২০। ফটোফিল্মস, কাগজ ও ফটো রাসায়নিক।

২১। পেট্রোলিয়াম ও কয়লা থেকে বিভিন্ন সামগ্রী প্রস্তুত।

২২। বিস্ফোরক।

২৩। এসিড এবং ইহাদের লবণ (জৈব ও অজৈব)।

২৪। নাইট্রোজেন যৌগ (সায়নাইড, সায়ানামাইড ইত্যাদি)।

২৫। প্লাস্টিক কাঁচামাল উৎপাদন (পিভিসি, পিপি/লৌহ, পলিস্টারিন ইত্যাদি)।

২৬। এ্যাসবেস্টস।

২৭। ফাইবার গ্লাস।

২৮। কীটনাশক, ছত্রাক নাশক, আগাছা নাশক।

২৯। ফসফরাস ও এর যৌগ।

৩০। ক্লোরিন, ফ্লোরিন, ব্রোমিন, আয়োডিন এবং ইহাদের যৌগ।

৩১। শিল্প (নাইট্রোজেন, অক্সিজেন ও কার্বন ডাই-অক্সাইড বাদে)।

৩২। বর্জ্য ইনসিনারেটর।



৩৩। অন্যান্য রাসায়নিক।

৩৪। সমরাস্ত্র।

৩৫। পারমাণবিক শক্তি।

৩৬। মদ।

৩৭। অন্যত্র উল্লেখিত নয় এমন অধাতব রাসায়নিক।

৩৮। অন্যত্র উল্লেখিত নয় এমন অধাতব।

৩৯। শিল্প নগরী।

৪০। মৌলিক শিল্প রাসায়নিক।

৪১। লোহা সম্পর্কিত নয় এমন মৌলিক ধাতব।

৪২। ডিটারজেন্ট।

৪৩। শিল্প/গৃহস্থলী/বাণিজ্যিক বর্জ্য দ্বারা মাটি ভরাট।

৪৪। পয়ঃ বর্জ্য পরিশোধন প্লান্ট।

৪৫। জীবন রক্ষাকারী ঔষধ।

৪৬। এ্যানিমেল গ্লু।

৪৭। ইঁদুরনাশক।

৪৮। রিফ্র্যাক্টরিজ।

৪৯। শিল্প গ্যাস (অক্সিজেন, নাইট্রোজেন ও কার্বন-ডাই-অক্সাইড)।

৫০। ব্যাটারী।

৫১। হাসপাতাল।

৫২। জাহাজ নির্মাণ।

৫৩। তামাক (প্রক্রিয়াজাতকরণ/সিগারেট/বিড়ি প্রস্তুত)।

৫৪। ধাতব নৌযান তৈরী।

৫৫। কাঠের নৌযান তৈরী।

৫৬। রেফ্রিজারেটর/এয়ারকন্ডিশনার/এয়ারকুলার প্রস্তুত।

৫৭। টায়ার ও টিউব।

৫৮। বোর্ড মিল।

৫৯। কার্পেট।

৬০। ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস : ১০ (দশ) লক্ষ টাকা মূলধনের উর্ধ্বে।

৬১। মোটরযান মেরামত ওয়ার্কস : ১০ (দশ) লক্ষ টাকা মূলধনের উর্ধ্বে।

৬২। পানির পরিশোধন প্লান্ট।

৬৩। সুয়ারেজ পাইপলাইন স্থাপন/প্রতিস্থাপন/সম্প্রসারণ।

৬৪। পানি, বিদ্যুৎ ও গ্যাস বিতরণ লাইন স্থাপন/প্রতিস্থাপন/সম্প্রসারণ।

৬৫। খনিজ সম্পদের অনুসন্ধান/উত্তোলন/বিতরণ।

৬৬। বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, পোল্ডার, ডাইক ইত্যাদি নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণ।

৬৭। রাস্তা নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণ (আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক)।

৬৮। সেতু নির্মাণ/পুনর্নির্মাণ/সম্প্রসারণ (দৈর্ঘ্য ১০০ মিটার বা তদূর্ধ্বে)।

৬৯। মিউরেট অব পটাশ (ম্যানুফ্যাক্চারিং)।

পাদটীকা :

(ক) তালিকাভুক্ত কোন শিল্প প্রতিষ্ঠানই আবাসিক এলাকায় স্থাপিত হইতে পারিবে না।

(খ) শিল্প প্রতিষ্ঠানসমূহের অবস্থান যথাসম্ভব ঘোষিত শিল্প এলাকায় বা শিল্প সমৃদ্ধ এলাকায় অথবা যথাসম্ভব ফাঁকা জায়গায় হওয়া বাঞ্ছনীয়।

(গ) বাণিজ্যিক এলাকায় মানমাত্রার বহির্ভূত শব্দ, ধোঁয়া, দুর্গন্ধ সৃষ্টির সম্ভাবনাময় শিল্প প্রতিষ্ঠানের অবস্থান গ্রহণযোগ্য নহে।

(ঘ) প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (আই ই ই) এর উপর ভিত্তি করিয়া অবস্থানগত ছাড়পত্র গ্রহণের পর; অনুমোদিত কার্যপরিধি মোতাবেক পরবর্তীতে নির্ধারিত সময়ে পরিবেশগত প্রভাব নিরূপণ (ই আই এ) প্রতিবেদন, ই টি পির নকশাসহ সময়-সূচী পেশ করিতে হইবে।



## তফসিল-২

### বায়ুর মানমাত্রা

[বিধি ১২ দ্রষ্টব্য]

প্রতি কিউবিক মিটারে মাইক্রোগ্রাম হিসাবে একক

| ক্রমিক নং | এলাকার শ্রেণী | প্রলম্বিত বস্তুকণা (এসপিএম) | সালফার ডাইঅক্সাইড | কার্বন মনক্সাইড | নাইট্রোজেন অক্সাইডসমূহ |
|---|---|---|---|---|---|
| ক। | শিল্প ও মিশ্র | ৫০০ | ১২০ | ৫০০০ | ১০০ |
| খ। | বাণিজ্যিক ও মিশ্র | ৪০০ | ১০০ | ৫০০০ | ১০০ |
| গ। | আবাসিক ও গ্রামীণ | ২০০ | ৮০ | ২০০০ | ৮০ |
| ঘ। | সংবেদনশীল | ১০০ | ৩০ | ১০০০ | ৩০ |

নোট :

(১) জাতীয় পর্যায়ে স্মৃতিসৌধসমূহ, স্বাস্থ্যকেন্দ্র, হাসপাতাল, প্রত্নতাত্ত্বিক স্থান, শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকার কর্তৃক নির্দিষ্ট এলাকা (যদি থাকে) সংবেদনশীল এলাকাভুক্ত।

(২) শিল্প এলাকা হিসাবে চিহ্নিত নহে এইরূপ এলাকায় অবস্থিত শিল্প কারখানা-সমূহ এমন কোন দূষক নির্গমন বা নিঃসরণ করিবে না যা উপরোক্ত গ ও ঘ শ্রেণীভুক্ত পারিপার্শ্বিক এলাকার পরিবেষ্টক বায়ুর মানমাত্রা অতিক্রম সহায়ক হইতে পারে।

(৩) প্রলম্বিত বস্তুকণা বলিতে ১০ মাইক্রন বা উহার নিম্ন ব্যাসমাপের বায়ুবাহিত কণা বুঝাইবে।

## তফসিল-৩

## পানির মানমাত্রা

[বিধি ১২ দ্রষ্টব্য]

(ক) অভ্যন্তরীণ ভূ-পৃষ্ঠস্থ পানির মানমাত্রা

| সর্বোৎকৃষ্ট ব্যবহার ভিত্তিক শ্রেণী | স্থিতিমাপ | | | |
|---|---|---|---|---|
| | pH | বিওডি মিঃগ্রাঃ/লিঃ | ডিও মিঃগ্রাঃ/লিঃ | সার্বিক কলিফ জীবাণু সংখ্যা/১০০ মিঃলিঃ |
| ক। কেবল জীবাণুমুক্ত করণের মাধ্যমে সরবরাহের জন্য সুপেয় পানির উৎস | ৬'৫—৮'৫ | ২ বা তাহার নিম্নে | ৬ বা তদূর্ধ্ব | ৫০ বা তাহা নিম্নে |
| খ। বিনোদনমূলক কার্যে ব্যবহার্য পানি | ৬'৫—৮'৫ | ৩ বা তাহার নিম্নে | ৫ বা তদূর্ধ্ব | ২০০ বা তা নিম্নে |
| গ। প্রচলিত প্রক্রিয়াকরণের মাধ্যমে সরবরাহের জন্য সুপেয় পানির উৎস | ৬'৫—৮'৫ | ৬ বা তাহার নিম্নে | ৬ বা তদূর্ধ্ব | ৫০০০ বা ত নিম্নে |
| ঘ। মৎস্য চাষে ব্যবহার্য পানি | ৬'৫—৮'৫ | ৩ বা তাহার নিম্নে | ৫ বা তদূর্ধ্ব | ৫০০০ বা তা নিম্নে |
| ঙ। বিভিন্ন প্রক্রিয়া ও শীতলকরণে শিল্প ক্ষেত্রে ব্যবহার্য পানি | ৬'৫—৮'৫ | ১০ বা তাহার নিম্নে | ৫ বা তদূর্ধ্ব | |
| চ। সেচকার্যে ব্যবহার্য পানি | ৬'৫—৮'৫ | ১০ বা তাহার নিম্নে | ৫ বা তদূর্ধ্ব | ১০০০ বা ত নিম্নে |

নোট : ১। মৎস্য চাষে ব্যবহার্য পানিতে মোট নাইট্রোজেন হিসাবে এ্যামোনিয়ার স উপস্থিতি ১'২ মিঃগ্রাঃ/লিঃ।

২। সেচকার্যে ব্যবহার্য পানির তড়িৎ পরিবাহিতা ২২৫০ µmho/cm (২৫ সেনসিয়াস উষ্ণতায়); সোডিয়াম ২৬%-এর নিম্নে; বোরণ ০'২%-এর নি



(খ) সুপেয় পানির মানমাত্রা

| ক্রমিক নং | স্থিতিমাপ | একক | মানমাত্রা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | এলুমিনিয়াম | mg/l | ০'২ |
| ২। | এমোনিয়া $(NH_3)$ | ,, | ০'৫ |
| ৩। | আর্সেনিক | ,, | ০'০৫ |
| ৪। | বেরিয়াম | ,, | ০'০১ |
| ৫। | বেনজিন | ,, | ০'০১ |
| ৬। | বিওডি$_৫$ ২০°C | ,, | ০'২ |
| ৭। | বোরণ | ,, | ১'০ |
| ৮। | ক্যাডমিয়াম | ,, | ০'০০৫ |
| ৯। | ক্যালসিয়াম | ,, | ৭৫ |
| ১০। | ক্লোরাইড | ,, | ১৫০—৬০০* |
| ১১। | ক্লোরিনেটেড এলকেনস্ | | |
| | কার্বনটেট্রাক্লোরাইড | ,, | ০'০১ |
| | ১'১ ডাইক্লোরোইথিলিন | ,, | ০'০০১ |
| | ১'২ ডাইক্লোরোইথিলিন | ,, | ০'০৩ |
| | টেট্রাক্লোরোইথিলিন | ,, | ০'০৩ |
| | ট্রাইক্লোরোইথিলিন | ,, | ০'০৯ |
| ১২। | ক্লোরিনেটেড ফিনোলস্ | | |
| | পেন্টাক্লোরোফেনোল | ,, | ০'০৩ |
| | ২'৪'৬ ট্রাইক্লোরোফিনোল | ,, | ০'০৩ |
| ১৩। | ক্লোরিণ (রেসিডুয়াল) | ,, | ০'২ |
| ১৪। | ক্লোরোফর্ম | ,, | ০'০৯ |
| ১৫। | ক্রোমিয়াম (ষড়যোজী) | ,, | ০'০৫ |
| ১৬। | ক্রোমিয়াম (সার্বিক) | ,, | ০'০৫ |
| ১৭। | সিওডি | ,, | ৪ |
| ১৮। | কলিফর্ম (ফিকাল) | n/100 ml | ০ |
| ১৯। | কলিফর্ম (সার্বিক) | n/100 ml | ০ |

* সমুদ্র উপকূল এলাকায় ১০০০

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ২০। | বর্ণ | হেজেন একক | ১৫ |
| ২১। | কপার | mg/l | ১ |
| ২২। | সায়ানাইড | ” | ০·১ |
| ২৩। | ডিটারজেন্টস্ | ” | ০·২ |
| ২৪। | ডিও | ” | ৬ |
| ২৫। | ফ্লুরাইড | ” | ১ |
| ২৬। | খরতা ($CaCO_3$ হিসেবে) | mg/l | ২০০—৫০০ |
| ২৭। | লৌহ | ” | ০·৩—১·০ |
| ২৮। | কিয়েলডাল নাইট্রোজেন (সার্বিক) | ” | ১ |
| ২৯। | লেড | ” | ০·০৫ |
| ৩০। | ম্যাগনেশিয়াম | ” | ৩০—৩৫ |
| ৩১। | ম্যাঙ্গানিজ | ” | ০·১ |
| ৩২। | মার্কারী | ” | ·০০১ |
| ৩৩। | নিকেল | ” | ·০·১ |
| ৩৪। | নাইট্রেট | ” | ১০ |
| ৩৫। | নাইট্রাইট | ” | <১ |
| ৩৬। | গন্ধ | ” | গন্ধহীন |
| ৩৭। | তেল ও গ্রীজ | ” | ০·০১ |
| ৩৮। | pH | ” | ৬·৫—৮·৫ |
| ৩৯। | ফিনোল যৌগাদি | ” | ·০০২ |
| ৪০। | ফসফেট | ” | ৬ |
| ৪১। | ফসফোরাস | ” | ০ |
| ৪২। | পটাশিয়াম | ” | ১২ |
| ৪৩। | তেজস্ক্রীয় বস্তুসমূহ সার্বিক আলফা বিকিরণ | Bq/l | ০·০১ |
| ৪৪। | সার্বিক বিটা বিকিরণ | ” | ০·১ |
| ৪৫। | সিলেনিয়াম | mg/l | ০·০১ |
| ৪৬। | সিলভার | ” | ০·০২ |



| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৪৭। | সোডিয়াম | mg/l | ২০০ |
| ৪৮। | প্রলম্বিত কঠিন বস্তুকণা | ” | ১০ |
| ৪৯। | সালফাইড | ” | ০ |
| ৫০। | সালফেট | ” | ৪০০ |
| ৫১। | সার্বিক দ্রবীভূত দ্রব্য | ” | ১০০০ |
| ৫২। | উষ্ণতা | °C | ২০—৩০ |
| ৫৩। | টিন | mg/l | ২ |
| ৫৪। | টারবিডিটি | জেটিইউ | ১০ |
| ৫৫। | জিংক | mg/l | ৫ |

তফসিল-৪

শব্দের মানমাত্রা

(বিধি ১২ দ্রষ্টব্য)

| ক্রমিক নম্বর | এলাকার শ্রেণী | dBa এককে মানমাত্রা | |
|---|---|---|---|
| | | দিবা | রাত্রি |
| ক. | নীরব এলাকা | ৪৫ | ৩৫ |
| খ. | আবাসিক এলাকা | ৫০ | ৪০ |
| গ. | মিশ্র এলাকা (মূলত আবাসিক এবং বাণিজ্যিক ও শিল্প এলাকা হিসাবে একত্রে ব্যবহৃত এলাকাসমূহ) | ৬০ | ৫০ |
| ঘ. | বাণিজ্যিক এলাকা | ৭০ | ৬০ |
| ঙ. | শিল্প এলাকা | ৭৫ | ৭০ |

* ভোর ৬টা হইতে রাত্রি ৯টা পর্যন্ত সময় দিবাকালীন সময় হিসাবে চিহ্নিত।

২. রাত্রি ৯টা হইতে ভোর ৬টা পর্যন্ত সময় রাত্রিকালীন সময় হিসাবে চিহ্নিত।

৩. হাসপাতাল বা শিক্ষাপ্রতিষ্ঠান বা সরকার কর্তৃক চিহ্নিত/চিহ্নিতব্য/বিশেষ বিশেষ প্রতিষ্ঠান/স্থাপনা হইতে ১০০ মিটার পর্যন্ত এলাকা নীরব এলাকা হিসাবে চিহ্নিত। নীরব এলাকায় মানবাহনের হর্ণ বা অন্যপ্রকার সংকেত ধ্বনি এবং লাউডস্পীকারের ব্যবহার নিষিদ্ধ।

## তফসিল-৫

মোটরযান বা যান্ত্রিক নৌযানজনিত শব্দের মানমাত্রা

[বিধি ১২ দ্রষ্টব্য]

| যানবাহনের শ্রেণী | একক | মানমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| *মোটরযান (সকল প্রকার) | dBa | ৮৫ | নির্গমন নল হইতে ৭.৫ মিটার দূরত্বে পরিমাপকৃত। |
| | | ১০০ | নির্গমন নল হইতে ০.৫ মিটার দূরত্বে পরিমাপকৃত। |
| যান্ত্রিক নৌযান | dBa | ৮৫ | স্থির অবস্থায় ভারশূণ্য সর্বোচ্চ ঘূর্ণন বেগের দুই-তৃতীয়াংশে নৌযান হইতে ৭.৫ মিটার দূরত্বে পরিমাপকৃত। |
| | | ১০০ | একই অবস্থায় ০.৫ মিটার দূরত্বে পরিমাপকৃত। |

* পরিমাপকালে মোটরযানটি স্থির অবস্থায় থাকিবে এবং ইহার ইঞ্জিনের শর্তাদি নিম্নরূপ হইবে :

(ক) ডিজেল ইঞ্জিন—সর্বোচ্চ ঘূর্ণনবেগ

(খ) প্যাট্রোলচালিত ইঞ্জিন-সর্বোচ্চ ঘূর্ণনবেগের দুই-তৃতীয়াংশে ভারশূন্য অবস্থায়

(গ) মোটর সাইকেল—সর্বোচ্চ ঘূর্ণনবেগ ৫০০০ rpm-এর অধিক হইলে উহার দুই তৃতীয়াংশ এবং সর্বোচ্চ ঘূর্ণনবেগ ৫০০০ rpm-এর নিম্নে হইলে উহার তিন চতুর্থাংশ।



## তফসিল-৬

মোটরযানজনিত নিঃসরণ মানমাত্রা

[বিধি ৪ এবং ১২ দ্রষ্টব্য]

| বিভিন্ন | একক | মানমাত্রা |
|---|---|---|
| কালো ধোঁয়া | হার্টরিজ স্মোক ইউনিট (এইচএসইউ) | ৬৫ |
| কার্বনমনোক্সাইড | গ্রাম/কিঃমিঃ | ২৪ |
| | শতকরা আয়তনে | ০৪ |
| হাইড্রোকার্বন | গ্রাম/কিঃমিঃ | ০২ |
| | পিপিএম | ১৮০ |
| নাইট্রোজেনের অক্সাইডসমূহ | গ্রাম/কিঃমিঃ | ০২ |
| | পিপিএম | ৬০০ |

* সর্বোচ্চ ঘূর্ণনবেগের দুই-তৃতীয়াংশ বেগে পরিমাপকৃত।

## তফসিল-৭

যান্ত্রিক নৌযানজনিত নিঃসরণ মানমাত্রা

[বিধি ৪ এবং ১২ দ্রষ্টব্য]

| বিভিন্ন | একক | মানমাত্রা |
|---|---|---|
| কালো ধোঁয়া* | হার্টরিজ স্মোক ইউনিট (এইচএসইউ) | ৬৫ |

* সর্বোচ্চ ঘূর্ণনবেগের দুই-তৃতীয়াংশ বেগে পরিমাপকৃত

## তফসিল-৮

### গন্ধ মানমাত্রা

[বিধি ১২ দ্রষ্টব্য]

| স্থিতিমাপ | একক | মানমাত্রা |
|---|---|---|
| এসিটালডিহাইড | পিপিএম | ০.৫—৫ |
| এমোনিয়া | ,, | ১—৫ |
| হাইড্রোজেন সালফাইড | ,, | ০.০২—০.২ |
| মিথাইল ডাইসালফাইড | ,, | ০.০০৯—০.১ |
| মিথাইল মারক্যাপটান | ,, | ০.০২—০.২ |
| মিথাইল সালফাইড | ,, | ০.০১—০.২ |
| স্টাইরিন | ,, | ০.৪—২.০ |
| ট্রাইমিথাইলএমিন | ,, | ০.০০৫—০.০৭ |

নোট :

(১) যে সকল নির্গমন/নিঃসরণ নল ৫ মিটারের অধিক উচ্চতা সম্পন্ন তাহাদের ক্ষেত্রে সাধারণভাবে যে নিয়ন্ত্রণমান প্রয়োগ করা হইবে তাহা নিম্নরূপ :

$Q = ০.১০৮ \times He^2Cm$ (যেখানে Q = গ্যাস নিঃসরণের হার $Nm^3$/ঘণ্টা)

He = নিঃসরণ নলের উচ্চতা (m)

Cm = উপরোক্ত বর্ণিত মানমাত্রা (পিপিএম)

(২) যে সকল বিশেষ স্থিতিমাপ মানমাত্রার পরিসীমা উল্লেখ করা হইয়াছে সেই সকল ক্ষেত্রে সতর্কীকরণের জন্য নিম্নতর মানমাত্রা এবং মামলা প্রক্রিয়াকরণ বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উচ্চতর সীমামাত্রা ব্যবহার করা হইবে।



## তফসিল-৯

### পয়ঃনির্গমন মানমাত্রা

[বিধি ১৩ দ্রষ্টব্য]

| স্থিতিমাপ | একক | মানমাত্রা |
|---|---|---|
| বিওডি | মিলিগ্রাম/লিঃ | ৪০ |
| নাইট্রেট | ,, | ২৫০ |
| ফসফেট | ,, | ৩৫ |
| প্রলম্বিত কঠিনবস্তু (এসএস) | ,, | ১০০ |
| উষ্ণতা | ডিগ্রী সেলসিয়াস | ৩০ |
| কলিফর্ম | প্রতি ১০০ ml এ সংখ্যা | ১০০০ |

নোট

(১) এই মানমাত্রা ভূপৃষ্ঠস্থ পানি/অভ্যন্তরীণ পানি প্রবাহে নিক্ষেপণের ক্ষেত্রে প্রযোজ্য।

(২) চূড়ান্ত নিক্ষেপণের পূর্বে পয়ঃনির্গমনকে ক্লোরিণ দ্বারা পরিশোধিত করিতে হইবে।

## তফসিল-১০

### শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের বর্জ্য নির্গমনের মানমাত্রা

[বিধি ১৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | মিতিমাপ | একক | মানমাত্রা নির্গমনের স্থান | | |
|---|---|---|---|---|---|
| | | | অভ্যন্তরীণ ভূপৃষ্ঠস্থ পানি | গণপয়ঃপদ্ধতি দ্বিতীয় পর্যায়ে প্রক্রিয়াকরণ | সেচভূমি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | এমোনিয়াকেল নাইট্রোজেন (মৌল N হিসাবে) | mg/l | ৫০ | ৭৫ | ৭৫ |
| ২। | এমোনিয়া (মুক্ত এমোনিয়া হিসাবে) | ,, | ৫ | ৫ | ১৫ |
| ৩। | আর্সেনিক (As হিসাবে) | ,, | ০.২ | ০.০৫ | ০.২ |
| ৪। | বিওডি৫ ২০° C | ,, | ৫০ | ২৫০ | ১০০ |
| ৫। | বোরণ | ,, | ২ | ২ | ২ |
| ৬। | ক্যাডমিয়াম (Cd হিসাবে) | ,, | ০.০৫ | ০.৫ | ০.৫ |
| ৭। | ক্লোরাইড | ,, | ৬০০ | ৬০০ | ৬০০ |
| ৮। | ক্রোমিয়াম (সম্পূর্ণ Cr হিসাবে) | ,, | ০.৫ | ১.০ | ১.০ |
| ৯। | সিওডি | ,, | ২০০ | ৪০০ | ৪০০ |
| ১০। | ক্রোমিয়াম (ষড়যোজী Cr হিসাবে) | ,, | ০.১ | ১.০ | ১.০ |
| ১১। | তাম্র (Cu হিসাবে) | ,, | ০.৫ | ৩.০ | ৩.০ |
| ১২। | দ্রবীভূত অক্সিজেন (D.O) | ,, | ৪.৫—৮ | ৪.৫-৮ | ৪.৫—৮ |
| ১৩। | তড়িৎ পরিবাহিতা (EC) Mmho/cm | mg/l | ১২০০ | ১২০০ | ১২০০ |
| ১৪। | সার্বিক দ্রবীভূত কঠিনদ্রব্য | ,, | ২,১০০ | ২,১০০ | ২.১০০ |
| ১৫। | ফ্লোরাইড (F হিসাবে) | ,, | ২ | ১৫ | ১০ |
| ১৬। | সালফাইড (S হিসাবে) | ,, | ১ | ২ | ২ |
| ১৭। | আয়রণ (Fe হিসাবে) | ,, | ২ | ২ | ২ |
| ১৮। | সার্বিক কেলডল নাইট্রোজেন (N হিসাবে) | ,, | ১০০ | ১০০ | ১০০ |
| ১৯। | লেড (Pb হিসাবে) | ,, | ০.১ | ১.০ | ০.১ |
| ২০। | ম্যাঙ্গানিজ (Mn হিসাবে) | ,, | ৫ | ৫ | ৫ |
| ২১। | মার্কারী (Hg হিসাবে) | ,, | ০.০১ | ০.০১ | ০.০১ |
| ২২। | নিকেল (Ni হিসাবে) | ,, | ১.০ | ২.০ | ১.০ |
| ২৩। | নাইট্রেট (মৌল N হিসাবে) | ,, | ১০.০ | স্থিরকৃত হয় নাই | ১০ |
| ২৪। | তৈল এবং গ্রীজ | ,, | ১০ | ২০ | ১০ |
| ২৫। | ফেনল যৌগাদি ($C_6H_5OH$ হিসাবে) | ,, | ১.০ | ৫ | ১ |
| ২৬। | দ্রবীভূত ফসফরাস (P হিসাবে) | ,, | ৮ | ৮ | ১৫ |
| ২৭। | তেজস্ক্রীয় দ্রব্য | বাংলাদেশ পরমাণুশক্তি কমিশন কর্তৃক নির্ধারিতব্য | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ২৮। | পিএইচ (PH) | | ৬—৯ | ৬—৯ | ৬—৯ |
| ২৯। | সিলেনিয়াম (Se হিসাবে) | mg/l | ০.০৫ | ০.০৫ | ০.০৫ |
| ৩০। | জিংক (Zn হিসাবে) | " | ৫.০ | ১০.০ | ১০.০ |
| ৩১। | সার্বিক দ্রবীভূত কঠিনবস্তু | " | ২,১০০ | ২,১০০ | ২,১০০ |
| ৩২। | উষ্ণতা | ডিগ্রী সেলসিয়াস | ৪০<br>৪৫ | | ৪০ ৪০—গ্রীষ্মকালীন<br>৪৫ ৪৫—শীতকালীন |
| ৩৩। | প্রলম্বিত কঠিন বস্তুকণা (এসএস) | mg/l | ১৫০ | ৫০০ | ২০০ |
| ৩৪। | সায়ানাইড (Cn হিসাবে) | " | ০.১ | ২.০ | ০.২ |

নোট:

১। শিল্পশ্রেণীভিত্তিক মানমাত্রা শিরোনামের অধীনে বর্ণিত শিল্প শ্রেণী ব্যতীত অন্যান্য শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের ক্ষেত্রে এই মানমাত্রা প্রযোজ্য হইবে।

২। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদনে যাইবার মুহূর্ত হইতেই এবং অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু হইবার মুহূর্ত হইতেই এই মানমাত্রা নিশ্চিত হইতে হইবে।

৩। যে কোন সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রান্ত হইতে পারিবে না। কোন স্থানের পরিবেশগত শর্তাদি অনুযায়ী প্রয়োজনে এই মানমাত্রাসমূহ কঠোরতর হইতে পারে।

৪। অভ্যন্তরীণ ভূপৃষ্ঠস্থ পানি বলিতে ড্রেন, পুকুর/দিঘী/জলাশয়/ডোবা, খাল, নদী, ঝর্ণা এবং মোহনা বুঝাইবে।

৫। পয়ঃপ্রণালী বলিতে প্রাথমিক ও দ্বিতীয় পর্যায়ের প্রক্রিয়াকরণসহ পূর্ণমাত্রায় যৌথ প্রক্রিয়াকরণ ব্যবস্থার সহিত সংযুক্ত পয়ঃপ্রণালী বুঝাইবে।

৬। সেচভূমি বলিতে বর্জ্য/পানির পরিমাণ ও উপাদানের ভিত্তিতে নির্ধারণকৃত পর্যাপ্ত ভূমিতে বিশেষ বিশেষভাবে চিহ্নিত ফসল চাষে সুষ্ঠু সেচক্রিয়া বুঝাইবে।

৭। নোটসমূহের ৫ এবং ৬ অনুচ্ছেদে প্রদত্ত সংজ্ঞার সহিত সামঞ্জস্যপূর্ণ নহে এমন কোন নির্গমন কোন পয়ঃপ্রণালী বা ভূমিতে সংঘটিত হইলে সেই ক্ষেত্রে অভ্যন্তরীণ ভূপৃষ্ঠস্থ মানমাত্রা প্রযোজ্য হইবে।



## তফসিল-১১

শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের গ্যাসীয় নির্গমন মানমাত্রা

[বিধি ১৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | স্থিতিমাপ | $mg/Nm^3$ এককে উপস্থিতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | বস্তুকণা | |
| | (ক) ২০০ মেগাওয়াট বা তাহার অধিক ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎকেন্দ্র | ১৫০ |
| | (খ) ২০০ মেগাওয়াট-এর নিম্নক্ষমতাসম্পন্ন বিদ্যুৎকেন্দ্র | ৩৫০ |
| ২. | ক্লোরিণ | ১৫০ |
| ৩. | হাইড্রোক্লোরিক এসিড বাষ্প ও কুয়াশা | ৩৫০ |
| ৪. | সার্বিক ফ্লোরাইড F | ২৫ |
| ৫. | সালফিউরিক এসিড কুয়াশা | ৫০ |
| ৬. | লেড বস্তুকণা | ১০ |
| ৭. | মার্কারী বস্তুকণা | ০.২ |
| ৮. | সালফার ডাইঅক্সাইড | কেজি/টন এসিড |
| | (ক) সালফিউরিক এসিড উৎপাদন (DCDA* প্রক্রিয়া) | ৪ |
| | (খ) সালফিউরিক এসিড উৎপাদন (SCSA* প্রক্রিয়া)<br>(*DCDA: Double conversion, Double absorption; SCSA: Single conversion, Single absorption) | ১০ |

সালফিউরিক এসিড বিচ্ছুরণের ক্ষেত্রে ষ্ট্যাকের সর্বনিম্ন উচ্চতা (মিটারে)।

| | |
|---|---|
| (ক) কয়লাজ্বালানীভিত্তিক বিদ্যুৎকেন্দ্র | |
| (১) ৫০০ মেগাওয়াট বা তাহার অধিক | ২৭৫ |
| (২) ২০০ হইতে ৫০০ মেগাওয়াট | ২২০ |
| (৩) ২০০ মেগাওয়াটের নিম্নে | $১৪(Q)^{০.৩}$ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| | (খ) বয়লার | |
| | (১) জলীয় বাষ্প প্রতি ঘন্টায় ১৫ টন পর্যন্ত | ১১ |
| | (২) জলীয় বাষ্প প্রতিঘন্টায় ১৫ টনের অধিক (Q = নিঃসৃত সালফার ডাইঅক্সাইডের পরিমাণ, (কেজি/ঘন্টা)। | $১৪(Q)^{০.৩}$ |
| ৯. | নাইট্রোজেনের অক্সাইডসমূহ | |
| | (ক) নাইট্রিক এসিড উৎপাদন | ৩ কেজি/টন এসিড |
| | (খ) গ্যাসজ্বালানীভিত্তিক বিদ্যুৎকেন্দ্র | ৫০ ppm |
| | (১) ৫০০ মেগাওয়াট বা তাহার অধিক | ৫০ ppm |
| | (২) ২০০ হইতে ৫০০ মেগাওয়াট | ৪০ ppm |
| | (৩) ২০০ মেগাওয়াটের নিম্নে | ৩০ ppm |
| | (গ) ধাতুতাপন চুল্লী | ২০০ ppm |
| ১০. | চুল্লীনির্গত কালি ও ধূলিকণা | mg/Nm³ |
| | (ক) বাত্যাচুল্লী | ৫০০ |
| | (খ) ইটের ভাটা | ১০০০ |
| | (গ) কোকচুল্লী | ৫০০ |
| | (ঘ) চুনের ভাটা | ২৫০ |



## তফসিল-১২

### শিল্পশ্রেণীভিত্তিক বর্জ্য নিঃসরণ বা নির্গমনের মানমাত্রা

[বিধি ১৩ দ্রষ্টব্য]

(ক) সারকারখানা

নাইট্রোজেনসংবলিত সার কারখানা

তরলবর্জ্য

| প্রতিমাপ | mg/l এককে উপস্থিতি সীমা |
|---|---|
| মৌল নাইট্রোজেন হিসাবে | ৫০ (নুতন)<br>১০০ (পুরাতন) |
| সার্বিক কিয়েলডাল নাইট্রোজেন | ১০০ (পুরাতন) |
| মৌল নাইট্রোজেন হিসাবে | ২৫০ (নুতন) |
| pH | ৬.৫–৮ |
| ক্রোমেট অপসারণ প্লান্ট-এর নির্গমনমুখে ক্রোমিয়াম (মৌল Cr হিসাবে মোট) | ০.৫ |
| ষড়যোজী Cr | ০.১ |
| প্রলম্বিত কঠিনবস্তুকণা | ১০০ |
| তৈল ও গ্রীজ | ১০ |
| বর্জপানি নির্গমন | ১০ m³/t ইউরিয়া |

বায়বীয় নিঃসরণ

| উৎস | প্রতিমাপ | mg/Nm³ এককে উপস্থিতিসীমা |
|---|---|---|
| ইউরিয়া প্রিলিং টাওয়ার | বস্তুকণা | ১৫০ শুষ্কপদ্ধতিতে ধূলিকণা অপসারণ (dry dedusting)<br>৫০ (আর্দ্র পদ্ধতিতে ধূলিকণা অপসারণ ও নুতন প্লান্টে) |

ফসফেট জাতীয়

তরলবর্জ্য

| স্থিতিমাপ | mg/l এককে উপস্থিতিসীমা |
|---|---|
| ফ্লুরাইড অপসারণ প্লান্ট-এর নির্গমন মুখে ফ্লুরাইড (যৌগ ফ্লুরিণ হিসাবে) | ২০ |
| ফসফেট, যৌগ P হিসাবে | ৫ |
| প্রলম্বিত কঠিনবস্তুকণা ক্রোমেট অপসারণ প্লান্ট-এর নির্গমন মুখে ক্রোমিয়াম (যৌগ Cr হিসাবে) | ১০০ |
| মোট | ০.৫ |
| ষড়যোজী Cr | ০.১ |
| তৈল ও গ্রীজ | ১০ |

বায়বীয় নিঃসরণ

| উৎস | স্থিতিমাপ | mg/Nm³ এককে উপস্থিতিসীমা |
|---|---|---|
| গ্রানিউলেশন, মিক্সিং ও গ্রাইন্ডিং সেকশন | বস্তুকণা | ১৫০ |
| ফসফরিক এসিড প্রভৃতি | সার্বিক ফ্লুরাইড (যৌগ F হিসাবে) | ২৫ |
| সালফিউরিক এসিড প্লান্ট | সালফার ডাইঅক্সাইড | |
| | DCDA | 4 kg/t of সালফিউরিক এসিড (১০০%) |
| | SCSA | 10 kg/t of সালফিউরিক এসিড (১০০%) |
| | সালফিউরিক এসিড বাষ্প | ৫০ |



(খ) সমন্বিত বস্ত্রকারখানা ও বৃহৎ (যাহাতে তিন কোটি টাকার অধিক বিনিয়োগ করা হইয়াছে) প্রক্রিয়াকরণ ইউনিট

তরলবর্জ্য

| স্থিতিমাপ | mg/l এককে উপস্থিতিসীমা |
|---|---|
| pH | ৬.৫--৯ |
| প্রলম্বিত কঠিন বস্তুকণা | ১০০ |
| বিওডি৫ ২০°C | ১৫০ |
| তৈল ও গ্রীজ | ১০ |
| সার্বিক দ্রবীভূত কঠিনবস্তু | ২১০০ |
| বর্জ্যপানি প্রবাহ | প্রতি kg বস্ত্র প্রক্রিয়াকরণে ১০০ লিটার |

নোট : ১৫০ mg/l-এর বিওডি-এর সীমা কেবল ভৌত-রাসায়নিক পদ্ধতিতে প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ব্যবহৃত রঙ-এর শ্রেণীভিত্তিক বিশেষ প্যারামিটার

| | |
|---|---|
| সার্বিক ক্রোমিয়াম, যৌগ Cr হিসাবে | ২ |
| সালফাইড, যৌগ S হিসাবে | ২ |
| ফেনলজাতীয় যৌগসমূহ, $C_6H_5OH$ হিসাবে | ৫ |

(গ) মণ্ড ও কাগজ শিল্প

তরলবর্জ্য

| স্থিতিমাপ | pH ব্যতীত mg/l এককে উপস্থিতিসীমা | |
|---|---|---|
| | প্রতিদিন ৫০ টনের অধিক উৎপাদন ক্ষমতাসম্পন্ন বৃহৎ কারখানা | প্রতিদিন ৫০ টনের কম উৎপাদনের ক্ষমতাসম্পন্ন ক্ষুদ্র কারখানা |
| pH | ৬—৯ | ৬—৯ |
| প্রলম্বিত কঠিন বস্তুকণা | ১০০ | ১০০ |
| বিওডি৫ ২০°C | ৩০ | ৫০ |
| সিওডি | ৩০০ | ৪০০ |
| বর্জ্যপানি প্রবাহ | প্রতিটন কাগজের জন্য ২০০ ঘনমিটার | কৃষিজ কাঁচামালভিত্তিক প্রতিটন কাগজের জন্য ২০০ ঘনমিটার বর্জ্য কাগজভিত্তিক প্রতিটন কাগজের জন্য ৭৫ ঘনমিটার |

(ঘ) সিমেন্ট শিল্প

গ্যাসীয় নিঃসরণ

১. সিমেন্ট প্রস্তুতির মৌলিক ইউনিটসমূহ

| উৎস | স্থিতিমাপ | $mg/Nm_3$ এককে উপস্থিতিসীমা |
|---|---|---|
| সকল সেকশন | বস্তুকণা | ২৫০ |

২. ক্লিংকার গ্রাইন্ডিং ইউনিটসমূহ

| | | |
|---|---|---|
| সকল সেকশন | বস্তুকণা | |
| | দৈনিক ১০০০ টনের অধিক উৎপাদন ক্ষমতা | ২০০ |
| | দৈনিক ২০০—১০০০ টন উৎপাদন ক্ষমতা | ৩০০ |
| | দৈনিক ২০০ টন পর্যন্ত উৎপাদন ক্ষমতা | ৪০০ |

(ঙ) শিল্প প্রতিষ্ঠানের বয়লার

গ্যাসীয় নিঃসরণ

| স্থিতিমাপ | $mg/Nm_3$ এককে উপস্থিতিসীমা |
|---|---|
| ১। কালি ও বস্তুকণা (জ্বালানীভিত্তিক) | |
| (ক) কয়লা | ৫০০ |
| (খ) গ্যাস | ১০০ |
| (গ) তৈল | ৩০০ |
| ২। নাইট্রোজেনের অক্সাইডসমূহ (জ্বালানীভিত্তিক) | |
| (ক) কয়লা | ৬০০ |
| (খ) গ্যাস | ১৫০ |
| (গ) তৈল | ৩০০ |

(চ) নাইট্রিক এসিড প্ল্যান্ট

গ্যাসীয় নিঃসরণ

নাইট্রোজেনের অক্সাইড, উৎপন্ন প্রতিটন দুর্বল এসিড হইতে ৩ kg



(ছ) ডিষ্টিলারী

তরলবর্জ্য

| স্থিতিমাপ | mg/l এককে উপস্থিতি |
|---|---|
| pH | ৬—৯ |
| প্রলম্বিত কঠিন বস্তুকণা | ১৫০ |
| বিওডি$_5$ 20°C | ৫০০০ (দুই বৎসরের অন্তর্বর্তীকালীন মানমাত্রা)<br>৫০০ (৭৪ বৎসরের অন্তর্বর্তীকালীন মানমাত্রা) |
| তৈল ও গ্রীজ | ১০ |

(জ) চিনি শিল্প

তরলবর্জ্য

| স্থিতিমাপ | mg/l এককে উপস্থিতিসীমা |
|---|---|
| pH | ৬—৯ |
| প্রলম্বিত কঠিন বস্তুকণা | ১৫০ |
| বিওডি$_5$ 20°C | ৫০ |
| তৈল গ্রীজ | ১০ |
| প্রতিটন প্রেষণকৃত ইক্ষু হইতে বর্জ্যপানি (ঘন মিটার) | ০·৫ |

গ্যাসীয় নিঃসরণ

বাগাস জ্বালানী ব্যবহারকারী বয়লার

| | | |
|---|---|---|
| বস্তুকণা, $mg/Nm_3$ | ডাম্পগ্রেট | ২৫০ |
| | পানহেটিং/হর্সশু | ৫৫০ |
| | স্প্রেডার স্টোকার | ৮০০ |

(ঝ) ট্যানারী শিল্প

তরলবর্জ্য

| স্থিতিমাপ | mg/l এককে উপস্থিত |
|---|---|
| pH | ৬—৯ |
| প্রলম্বিত কঠিন বস্তুকণা | ১৫০ |
| বিওডি$_5$ ২০°C | ১০০ |
| সালফাইড, (মৌল S হিসাবে) | ১ |
| সার্বিক ক্রোমিয়াম (মৌল Cr হিসাবে) | ২ |
| তৈল ও গ্রীজ | ১০ |
| সার্বিক দ্রবীভূত কঠিনবস্তু | ২১০০ |
| প্রতিটন চামড়া প্রক্রিয়াজাতকরণ বর্জ্যপানি (ঘনমিটার) | ৩০ |

নোট : সোক লাইকারকে তরলবর্জ্য হইতে পৃথক করিতে হইবে।

(ঞ) খাদ্যপ্রক্রিয়াকরণ, মৎস্য ক্যানিং, ডেইরী, ষ্টার্চ ও পাটশিল্প

তরলবর্জ্য

| স্থিতিমাপ | mg/l এককে সর্বোচ্চ উপস্থিতি |
|---|---|
| প্রলম্বিত কঠিন বস্তুকণা | ৬—৯ |
| বিওডি$_5$ ২০°C | ১৫০ |
| বর্জ্যপানি প্রবাহ | ১০০ |
| ষ্টার্চ | প্রতিটন কাঁচামালের জন্য ৮ ঘনমি |
| পাট প্রক্রিয়াজাতকরণ | প্রতিটন উৎপাদিত দ্রব্যের জন্য ১ ঘনমিটার |
| দুগ্ধজাত দ্রব্য | প্রতিটন দুধের জন্য ৩ ঘনমিটা |

(ট) অপরিশোধিত তেল শোধনাগার

নিঃসরণ

| স্থিতিমাপ | উৎস | সর্বোচ্চ উপস্থিতির পরিমাণ | একক |
|---|---|---|---|
| সালফারডাইঅক্সাইড | পাতন | ০·২৫ | কেজি/টন |
| | ক্যাটালাইটিক ক্র্যাকার | ২·৫ | কেজি/টন |



তরলবর্জ্য

| তিমাপ | সর্বোচ্চ উপস্থিতির পরিমাণ | একক |
|---|---|---|
| লম্বিত কঠিন বস্তুকণা (SS) | ১০০ | মি:গ্রা:/লি: |
| তল ও গ্রীজ | ১০ | ,, |
| ওডি$_5$ ২০°C | ৩০ | ,, |
| নল | ১ | ,, |
| লফাইড (মৌল সালফার হিসাবে) | ১ | ,, |
| র্জ্যপানি প্রবাহ | ৭০০ | ঘনমিটার/১০০০ টন প্রক্রিয়াকৃত অপরিশোধিত তেল |

নোট :

১। নতুন শিল্প প্রতিষ্ঠানসমূহ তাহাদের কর্মসম্পাদন আরম্ভ করিবার সময় বর্জ্য নিঃসরণ/নির্গমনকালে এই মানমাত্রাসমূহ মানিয়া চলিবে। বিরাজমান সকল শিল্প প্রতিষ্ঠান এই বিধিমালা প্রকাশিত হইবার তারিখ হইতে দুই বৎসরের মধ্যে (ভিন্নভাবে নির্দেশিত না হইলে) যথাযথ প্রক্রিয়াকরণ সুবিধাদি চালু করিবে। ক্ষেত্রবিশেষে বৈধ যুক্তির ভিত্তিতে, অধিদপ্তর ইচ্ছা করিলে, এই সময়সীমা বর্ধিত করা যাইতে পারে।

২। এই মানমাত্রাসমূহ নিঃসরণ/নির্গমনস্থল নির্বিচারে প্রযোজ্য হইবে।

৩। নমুনা সংগ্রহকালীন কোন সময়েই এই মানমাত্রাসমূহ অতিক্রান্ত হইতে পারিবে না। পরিবেষ্টক শর্তাদির আলোকে এই মানমাত্রাসমূহকে অধিকতর কঠিনভাবে প্রয়োগ করা যাইতে পারে।

## তফসিল-১৩

### পরিবেশগত ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ফি

[বিধি ৭(৫), ৮(২) এবং ১৪ দ্রষ্টব্য]

১। শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প

| বিনিয়োগকৃত অর্থ (টাকা) | পরিবেশগত ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ফি (টাকা) |
|---|---|
| (ক) ১ (এক) লক্ষ হইতে ১০ (দশ) লক্ষের মধ্যে | ৩০০ |
| (খ) ১০ (দশ) লক্ষ হইতে ১ (এক) কোটির মধ্যে | ১,০০০ |
| (গ) ১ (এক) কোটি হইতে ৫০ (পঞ্চাশ) কোটির মধ্যে | ৫,০০০ |
| (ঘ) ৫০ (পঞ্চাশ) কোটির উর্ধ্বে | ১০,০০০ |

## তফসিল-১৪

পরিবেশ অধিদপ্তর কর্তৃক পানি, তরলবর্জ্য, বায়ু ও শব্দের নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণজাত বিভিন্ন তথ্য বা উপাত্ত সরবরাহ সংক্রান্ত ফি।

[বিধি ১৫ দ্রষ্টব্য]

(ক) পানি বা তরল বর্জ্যের নমুনা

| বিভিন্ন | ফি (টাকা) |
|---|---|
| ১। কলিফর্ম | ৫০০ |
| ২। ক্লোরিণ | ২৫০ |
| ৩। টোটাল হার্ডনেস | ২০০ |
| ৪। আয়রণ | ৪০০ |
| ৫। ক্যালসিয়াম | ৪০০ |
| ৬। ম্যাগনেসিয়াম | ৪০০ |
| ৭। বর্ণ (colour) | ৭৫ |
| ৮। বিদ্যুৎ পরিবাহিতা (EC) | ১০০ |
| ৯। pH | ১০০ |
| ১০। প্রলম্বিত কঠিন বস্তুকণা (SS) | ৩০০ |
| ১১। সার্বিক কঠিন বস্তুকণা (TS) | ২০০ |
| ১২। সার্বিক দ্রবীভূত কঠিন বস্তুকণা (TDS) | ২০০ |
| ১৩। এ্যামোনিয়া নাইট্রোজেন | ৪০০ |
| ১৪। আর্সেনিক | ৫০০ |
| ১৫। বোরণ | ৪০০ |
| ১৬। ক্যাডমিয়াম | ৫০০ |
| ১৭। সিওডি | ৪০০ |
| ১৮। বিওডি | ৪০০ |
| ১৯। ক্লোরাইড | ২০০ |
| ২০। ক্রোমিয়াম, হেক্সাভেলেন্ট | ৫০০ |
| ২১। ক্রোমিয়াম, মোট | ৫০০ |
| ২২। সায়ানাইড | ৪০০ |
| ২৩। ফ্লুরাইড | ৪০০ |



| বিভিন্ন | ফি (টাকা) |
|---|---|
| ২৪। লেড | ৫০০ |
| ২৫। মারকারী | ৫০০ |
| ২৬। নিকেল | ৫০০ |
| ২৭। জৈব নাইট্রোজেন | ৪০০ |
| ২৮। তৈল ও গ্রীজ | ৩০০ |
| ২৯। ফসফেট | ৪০০ |
| ৩০। ফিনল | ৪০০ |
| ৩১। সালফেট | ৪০০ |
| ৩২। জিংক | ৫০০ |
| ৩৩। তাপমাত্রা | ৭৫ |
| ৩৪। টারবিডিটি (জেটিইউ) | ১০০ |
| ৩৫। টারবিডিটি (এনটিইউ) | ১০০ |
| ৩৬। পি-অ্যালকালিনিটি | ২৫০ |
| ৩৭। টি-অ্যালকালিনিটি | ২০০ |
| ৩৮। অ্যাসিডিটি | ২০০ |
| ৩৯। কার্বন-ডাই-অক্সাইড | ২০০ |
| ৪০। ক্যালসিয়াম হার্ডনেস | ২৫০ |
| ৪১। ডিও | ৩০০ |
| ৪২। নাইট্রেট | ৪০০ |
| ৪৩। নাইট্রাইট | ৪০০ |
| ৪৪। সিলিকা | ৩০০ |

(খ) বায়ুর নমুনা

| বিভিন্ন | ফি (টাকা) |
|---|---|
| ১। এস, পি, এম | ৫০০ |
| ২। সালফার ডাইঅক্সাইড | ৫০০ |
| ৩। নাইট্রোজেন অক্সাইড | ৫০০ |
| ৪। কার্বন মনো-অক্সাইড | ৩০০ |
| ৫। লেড | ৫০০ |

(গ) শস্যের নমুনা

| বিভাগ | ফি (টাকা) |
|---|---|
| ১। শস্য | ২০০ |

(ঘ) বিশ্লেষণলব্ধ বিভিন্ন তথ্য বা উপাত্ত সরবরাহ

১। ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ ও সিলেট বিভাগ/খুলনা বিভাগ ও বরিশাল বিভাগ/রাজশাহী বিভাগের সকল মনিটরিং ষ্টেশনের নদী ব্যতীত ভূপৃষ্ঠস্থ এবং ভূগর্ভস্থ পানির বছরওয়ারী তথ্য বা উপাত্ত—

| | |
|---|---|
| (অ) সরকারী সংস্থার জন্য | ৩,০০০ |
| (আ) অন্যান্য সংস্থার জন্য | ৬,০০০ |

২। ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ ও সিলেট বিভাগ/খুলনা বিভাগ ও বরিশাল বিভাগ/রাজশাহী বিভাগের নদীর পানির সকল মনিটরিং ষ্টেশনের বছরওয়ারী তথ্য বা উপাত্ত—

| | |
|---|---|
| (অ) সরকারী সংস্থার জন্য | ৪,০০০ |
| (আ) অন্যান্য সংস্থার জন্য | ৬,০০০ |

৩। ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ ও সিলেট বিভাগ/খুলনা বিভাগ ও বরিশাল বিভাগ/রাজশাহী বিভাগের সকল মনিটরিং ষ্টেশনের বায়ুর বছরওয়ারী তথ্য বা উপাত্ত—

| | |
|---|---|
| (অ) সরকারী সংস্থার জন্য | ২,০০০ |
| (আ) অন্যান্য সংস্থার জন্য | ৪,০০০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহবাব আহমদ

সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মন্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।